

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫৭

১৩. শান্তি অধ্যায় (کتاب الحدود)

পরিচ্ছেদঃ ১৩. যিনাকারী ব্যক্তি যখন তার যিনার স্বীকারোক্তি প্রত্যাহার করে নেয়

بَابِ الْمُعْتَرِفِ يَرْجِعُ عَنْ اعْتِرَافِهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الرَّقَاشِيُّ حَدَّتَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّتَنَا مُحَمَّدُ هُوَ ابْنُ إِسْحَقَ بْنِ يَسَارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ التَّيْمِيُّ عَنْ أَبِي الْهَيْتَمِ بْنِ نَصْرِ بْنِ دَهْرِ الْأَسْلَمِيِّ عَنْ أَبِيهِ يَسَارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ التَّيْمِيُّ عَنْ أَبِي الْهَيْتَمِ بْنِ نَصْر بْنِ دَهْرٍ الْأَسْلَمِيِّ عَنْ أَبِيهِ قَالَ كُنْتُ فِيمَنْ رَجَمَهُ قَالَ أَبُو مُحَمَّد يَعْنِي مَاعِزَ بْنَ مَالِكٍ فَلَمَّا وَجَدَ مَسَّ الْحِجَارَةِ جَزِعَ جَزَعًا شَدِيدًا قَالَ فَهَلَّا تَرَكْتُمُوهُ جَزِعَ جَزَعًا شَدِيدًا قَالَ فَهَلَّا تَرَكْتُمُوهُ

বাংলা

২৩৫৭. নাসর ইবনু দাহর আল আসলামী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, যারা তাকে পাথর মেরে হত্যা করেছিল- আমিও তাদের অন্তর্ভুক্ত ছিলাম।

আবূ মুহাম্মদ বলেন, 'তাকে' অর্থ মায়িয় ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে। এরপর যখন তার শরীরে পাথর আঘাত হানতে লাগলো, তখন সে ভীষণ অস্থির হয়ে উঠলো।রাবী বলেন, তখন আমরা এ কথা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জানালে তিনি বললেন: "তাহলে তোমরা তাকে ছেড়ে দিলে না কেন?"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদে আবী হাইছাম ইবনু নাসর রয়েছে। যার সম্পর্কে বুখারী (কাবীর, ৯/৭৯) ও ইবনু আবী হাতিম (জারহ ওয়া তা'দীল ৯/৪৫৩) কোনো সমালোচনা বা প্রশংসা করেননি। আর আমিও তার কোনো সমালোচনা বা প্রশংসা খুঁজে পাইনি। আর হাফিজ ইবনু হাজার, 'তাকরীব' এ তাকে 'মাকবুল' বলেছেন। তবে আল ইসাবা ৯/১৪৮ এ তার পিতা নাসর এর জীবনীতে বলেন: 'তার থেকে তার ছেলে আবীল হাইছাম সূত্রে মায়িয ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু এর ঘটনা সংক্রান্ত তার হাদীসটি নাসাঈ বর্ণনা করেছেন, যার সনদ জাইয়্যেদ বা উত্তম।' অন্যান্য রাবীগণ বিশ্বস্ত।



তাখরীজ: আহমাদ ৪/৪৩১; নাসাঈ, নং ৭২০৬; ইবনু আবী আসিম, আল আহাদ ওয়াল মাছানী ২৩৮১।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন